JAN. 9 – 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ...

# সময়মত পাঠ্য বই দিতে ব্যর্থ হওয়ায় শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে হবে ছাত্র ফেডারেশন

**ষ্টাফ রিপোর্টার ঃ** বছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে বই পৌছাতে ব্যর্থতার জন্য শিক্ষামন্ত্রী এবং জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যানের পদত্যাগ ও দুর্নীতির বিচার দাবী করেছেন বাংলাদেশ ছাত্র ফেডারেশন। 'দুর্নীতিবাজ শিক্ষামন্ত্রীর বিচার চাই' সময়মত বই চাই, প্রভৃতি শ্লোগানের মাধ্যমে ছাত্র ফেডারেশন রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে পাঠ্যপুস্তক বোর্ডের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। গতকাল দুপুরে মতিঝিল পাঠ্যপুস্তক ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শনের সময় বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা সময়মত পাঠ্য বই না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করে বলেছে, আমরা স্কুলে যাচ্ছি কিন্তু হাতে বই নেই। কবে বই পাবো এর কোনো নিশ্চয়তা কেউ দিতে পারছে না। অথচ এপ্রিল মাসে অনুষ্ঠিতব্য হবে প্রথম সাময়িকী পরীক্ষা। ছাত্র-ছাত্রীরা বলেছে, মন্ত্রী বা এমপিদের ছেলে-মেয়েরা বিদেশে পড়াশোনা করে, তাই দরিদ্র মানুষের সন্তানদের পাঠ্য বই নিয়ে কারো কোন মাথাব্যথা নেই।

বিক্ষোভ সমাবেশে বক্তাগণ বলেন, যে সরকার ন্যূনমত পাঠ্য বই দিতে পারে না, তারাই আবার জনগণের ২ হাজার কোটি টাকা অপচয় করে অপ্রয়োজনীয় ন্যাম সম্মেলনের আয়োজন করছে। এসব অপ্রয়োজনীয় কাজে অর্থের অভাব হয় না। সময়েরও হেরফের হয় না। অথচ শিক্ষার্থীদের সময় মত পাঠ্য বই পেতে সমস্যা হয়। বক্তাগণ সময়মত পাঠ্য বই শিক্ষার্থীদের কাছে পৌছাতে ব্যর্থতার জন্য শিক্ষামন্ত্রীর শাস্তি দাবী করেন।